



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-১৪/১১/২০২০খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক রংপুর মেডিকেল এর সামনে থেকে দালাল চক্রের ০৪ সদস্য গ্রেফতার




অদ্য ১৪/১১/২০২০ খ্রিঃ রংপুর মেট্রোপলিটন কোতয়ালী থানাধীন মেডিকেল গেইট সংলগ্ন যাত্রি ছাউনির সামনে থেকে দালাল চক্রের ০৪ সদস্যকে গ্রেফতার করা হয়।

ঘটনার বিবরণীতে জানা যায়, রংপুর মহানগরী এলাকার রংপুর মেডিকেল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার গুলোতে প্রত্যহ যেসকল অসুস্থ রোগী আসে তারা নানাভাবে দালাল চক্রের সম্মুখীন হচ্ছে এবং এই দালাল চক্রের সদস্যরা চিকিৎসা নিতে আসা রোগী ও তাদের লোকজনদের সাথে বাগবিতন্ডের সৃষ্টি করেছে এবং জোড় করে/বিভিন্ন প্রলোভন দেখিয়ে এক ক্লিনিক থেকে অন্য ক্লিনিকে নিয়ে যাওয়ার চেষ্টা করেছে।

উক্ত ঘটনার প্রেক্ষিতে, অদ্য ১৪/১১/২০২০ খ্রিঃ গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ এর উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায়, অতিঃ উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব উত্তম প্রসাদ পাঠক এর কর্মপরিকল্পনায় ইন্সপেক্টর (নিঃ) এবিএম ফিরোজ ওয়াহিদ এর নেতৃত্বে এসআই(নিঃ) মোঃ গোলাম মোর্শেদ, এসআই (নিঃ) মোঃ নাজমুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ কোতয়ালী থানাধীন মেডিকেল গেইট সংলগ্ন যাত্রি ছাউনির সামনে চলাচলের পাকা রাস্তার উপর রোগী ও তাদের লোকজনের সাথে বাগবিতন্ডা সৃষ্টিকারী দালাল চক্রের ০৪ সদস্যকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীরা হলো- ১। মোঃ ওমর ফারুক (২৩), পিতা - মোঃ আহ লতিফ, উত্তম মুন্সিপারা, হাজিরহাট, রংপুর, ২) আহসান হাবিব (৪২), পিতা- মাহফুজার, সাং- জুম্মাপাড়া, কোতয়ালী, ৩) আলাউদ্দিন হোসেন (৩২), পিতা- মোশারফ হোসেন, চিলা খাল, গঙ্গাচড়া এবং ৪) মোঃ রুহুল আমিন (২৫), পিতা- সুলতান, সাং- গজঘন্টা, থানা- গঙ্গাচড়া, রংপুর।

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে আরপিএমপি কোতয়ালী থানায় ননএফআইআর প্রসিকিউশন নং ৬৪৫/৬৪৬ ধারা, রংপুর মহানগর আইন ২০১৮ এর ৭৮ ধারা দাখিল করা হয়।


১৪.১১.২০২০

(উত্তম প্রসাদ পাঠক)
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার
(ডিবি এন্ড মিডিয়া)
পক্ষে/পুলিশ কমিশনার
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর
মোবাইল-০১৭২০-০৭৩৬৬১